



দৈনিক বর্তমান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে যানবাহন নিয়ন্ত্রণ বেরিয়ার ও সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স উদ্বোধন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যানবাহন নিয়ন্ত্রণের জন্য ৭টি প্রবেশদ্বারে স্থাপিত যানবাহন চলাচল নিয়ন্ত্রণ বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃহস্পতিবার পলাশী মোড় এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

ঢাকা বিশ্ববিদ্যালয়ে যানবাহন নিয়ন্ত্রণ

সংলগ্ন বিশ্ববিদ্যালয়ের প্রবেশদ্বারে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নবনির্মিত এসব বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং ঢাকা মহানগর পুলিশের রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার মাহমুদ আলমসহ বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল দফতর ও এস্টেট অফিসের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয়ের পলাশীর মোড়, নীলক্ষেত মোড়, শহীদ মিনার, শাহবাগ, শহীদুল্লাহ হল, হাফিকোট মোড় এবং শিববাড়ি ক্রসিং মোড়ে এসব বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স স্থাপন করা হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এই কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, ক্যাম্পাসে স্টিকার বিহীন গাড়ি, গণপরিবহন ও ভারি যানবাহন চলাচল এবং বহিরাগতদের প্রবেশ নিয়ন্ত্রণ করার জন্য এসব বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স স্থাপন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করাসহ অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধে এসব বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এই উদ্যোগের সফল বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যানবাহন নিয়ন্ত্রণের জন্য ৭টি প্রবেশদ্বারে স্থাপিত যানবাহন চলাচল নিয়ন্ত্রণ বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃহস্পতিবার পলাশী মোড় সংলগ্ন বিশ্ববিদ্যালয়ের প্রবেশদ্বারে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নবনির্মিত এসব বেরিয়ার এবং সিকিউরিটি এন্ড সার্ভিলেন্স বক্স উদ্বোধন করেন।

-বর্তমান

আলোকিত বাংলাদেশ

চালু হচ্ছে ঢাবি অ্যালামনাই বৃত্তি

ঢাবি প্রতিনিধি

গত তিন বছর বন্ধ থাকার পর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ফের চালু হচ্ছে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের 'শিক্ষা ও সামাজিক উদ্যোগের জন্য বৃত্তি' প্রোগ্রাম। শিগগিরই শিক্ষার্থীদের থেকে আবেদন আহবান করা হবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। গতকাল অ্যাসোসিয়েশনের সদস্য সচিব এটিএম আবদুল বারী ড্যানী বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, সর্বশেষ ২০২০-২১ সেশনের শিক্ষার্থীদের বৃত্তি দেয়া হয়েছে। আমরা দায়িত্ব নেয়ার পরই শিক্ষার্থীদের এই বিষয়টিতে গুরুত্ব দিয়েছি। শিগগিরই পরবর্তী ২০২১-২২, ২২-২৩ এবং ২৩-২৪ সেশনের শিক্ষার্থীদের থেকে আবেদন আহবান করব। এ ছাড়া যাদের বৃত্তি বকেয়া আছে তাদের গুলো দেয়ার প্রক্রিয়া চলছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের একটি বড় অংশ গ্রাম থেকে আসা মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত পরিবারের সদস্য। তাদের আর্থিকভাবে সচ্ছলতা দেয়ার জন্য মাসিক ৪ হাজার টাকার বৃত্তি প্রদান করে থাকে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন। এ ছাড়া বিশ্ববিদ্যালয় ও শিক্ষার্থী বান্ধব বেশ কিছু পরিকল্পনা হাতে নিয়েছে অ্যাসোসিয়েশনের বর্তমান কমিটি।